

🗏 ইয়াসীন | Ya-Sin | ৯০০

আয়াতঃ ৩৬: ৮০

💵 আরবি মূল আয়াত:

الَّذِي جَعَلَ لَكُم مِّنَ الشَّجَرِ الأَخضَرِ نَارًا فَإِذَا أَنتُم مِّنهُ تُوقِدُونَ

যিনি সবুজ বৃক্ষ থেকে তোমাদের জন্য আগুন তৈরী করেছেন। ফলে তা থেকে তোমরা আগুন জ্বালাও। — আল-বায়ান

যিনি তোমাদের জন্য সবুজ গাছ হতে আগুন তৈরি করেছেন, অতঃপর তোমরা তাখেকে আগুন জ্বালাও। — তাইসিক্ল

তিনি তোমাদের জন্য সবুজ বৃক্ষ হতে আগুন উৎপাদন করেন এবং তোমরা ওটা দ্বারা প্রজ্বলিত কর। — মুজিবুর রহমান

[It is] He who made for you from the green tree, fire, and then from it you ignite. — Sahih International

৮০. তিনি তোমাদের জন্য সবুজ গাছ থেকে আগুন উৎপাদন করেন, ফলে তোমরা তা থেকে আগুন প্রজ্বলিত কর।

তাফসীরে জাকারিয়া

- (৮০) তিনি তোমাদের জন্য সবুজ বৃক্ষ হতে অগ্নি উৎপাদন করেন এবং তোমরা তা হতে অগ্নি প্রজ্বলিত কর।[1]
 - [1] বলা হয় যে, আরবে দুটি এমন গাছ আছে যার নাম হল মার্খ ও আফার। এই গাছের দুটি ডাল একত্রিত করে ঘষা দিলে তা থেকে আগুন বের হয়। এখানে সবুজ বৃক্ষ থেকে অগ্নি উৎপাদন বলে ঐ গাছের প্রতিই ইঙ্গিত করা হয়েছে।

তাফসীরে আহসানল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন